# উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর মে/২০২৩ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এজাজ আহমেদ, চেয়ারম্যান, ডুমুরিয়া উপজেলা পরিষদ, খুলনা |
| সভার স্থান | ঃ | "সভাকক্ষ" অফিসার্স ক্লাব, ডুমুরিয়া, খুলনা |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৫ মে, ২০২৩ সময় - দুপুর ১২.০০ টা |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার ডুমুরিয়া খুলনাকে এজেন্ডাভিত্তিক-আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিভাবে সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ১৭ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী অদ্যকার সভায় উপস্থাপন করা হয় বিষয়টি সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করে আলোচনা হয়। কোনরূপ সংশোধনী প্রস্তাব নেই। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ১৭ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |
| ৩ | আয়-ব্যয়ের হিসাব | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া মে-২০২৩ মাসে উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলে জমা/আয় এবং উক্ত তহবিল হতে ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন যা-নিম্নরুপ ঃ<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় বিবরণী ঃ<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে মে-২০২৩ মাসে স্থিতি-৭,৭৭,৪৮,১৪২.২২/- টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থিতির পরিমান-৭,৫৪,৮৫,০৫২.৩৮/-টাকা। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ বিধি মোতাবেক জমা এবং ব্যয় নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা পরিষদ |
| ৪ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ | ক। উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা এর বকেয়া ও বাংলা ১৪২৯ সনের ভূমি উন্নয়ন কর পরিশোধ বাবদ ৩৫,৫১৭/- টাকার বিল ভাউচার ইউনিয়ন ভূমি অফিস ডুমুরিয়া সদর দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>খ। ঈদউল ফিতর-২৩ উদযাপন উপলক্ষে ডেকোরেশন বাবদ ১৫,৯৩০/- টাকার একটি বিল ভাউচার জনাব মোঃ ওহিদুজ্জামান মুয়াজ্জিন দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>গ। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা এর | ক। উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা এর বকেয়া ও বাংলা ১৪২৯ সনের ভূমি উন্নয়ন কর পরিশোধ বাবদ ৩৫,৫১৭/- টাকার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ। ঈদউল ফিতর-২৩ উদযাপন উপলক্ষে ডেকোরেশন বাবদ ১৫,৯৩০/- টাকা উপজেলা | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা পরিষদ |

এজাজ আহমেদ।

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বাসভবনের বাথরুম ও সেপ্টিক টেংকি মেরামত বাবদ ২৪,৯১৭/- টাকার ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ঘ। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা এর বাসভবনের জানালার থাইগ্লাস ও রান্না ঘরের থাইগ্লাস মালামাল ক্রয় বাবদ ১৬,০২২/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ঙ। ২৬শে মার্চ/২৩ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে দুপুরের খাবার বাবদ ১৫,৮০০/-টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>চ। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জীপগাড়ীর কিছু যন্ত্রাংশ ক্রয় ও ফিটিংস বাবদ ৫০,০০০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ছ। উপজেলা ট্রলার ঘাটের শাখো মেরামত বাবদ ২৫,০০০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>জ। বিজয় দিবস-২০২২ উপলক্ষে উপজেলা পরিষদ পরিস্কার পরিচ্ছন্নতা করা বাবদ ২৫,০০০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ঝ। ২৬শে মার্চ/২৩ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে উপজেলা পরিষদ পরিস্কার পরিচ্ছন্নতা করা বাবদ ২৫,০০০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ঞ। উপজেলা পরিষদের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য বিভিন্ন গাছের চারা ক্রয় বাবদ ২৫,০০০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ট। উপজেলা পরিষদের পলাশ-৩ ও শাপলা-৪ নং ফ্লাটের বাথরুমের কাজ বাবদ ১৮,৩৫০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>ঠ। উপজেলা পরিষদের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য বিভিন্ন গাছের চারা ক্রয় বাবদ ১৮,০০০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>জ। চেয়ারম্যান- উপজেলা পরিষদ , ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ডুমুরিয়া খুলনা এর ডিসেম্বর/২২ হতে জুন/২৩ মাসের ভ্রমন ভাতা বাবদ ১,৫৫,১২৫/- টাকার বিল দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা এর বাসভবনের বাথরুম ও সেপ্টিক টেংকি মেরামত বাবদ ২৪,৯১৭/- টাকার ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা এর বাসভবনের জানালার থাইগ্লাস ও রান্না ঘরের থাইগ্লাস মালামাল ক্রয় বাবদ ১৬,০২২/- টাকার ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঙ। ২৬শে মার্চ/২৩ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে দুপুরের খাবার বাবদ ১৫,৮০০/-টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>চ। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জীপগাড়ীর কিছু যন্ত্রাংশ করয় ও ফিটিংস বাবদ ৫০,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ছ। উপজেলা ট্রলার ঘাটের শাখো মেরামত বাবদ ২৫,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>জ। বিজয় দিবস-২০২২ উপলক্ষে উপজেলা পরিষদ পরিস্কার পরিচ্ছন্নতা করা বাবদ ২৫,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা | |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঝ। ২৬শে মার্চ/২৩ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে উপজেলা পরিষদ পরিস্কার পরিচ্ছন্নতা করা বাবদ ২৫,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঞ। উপজেলা পরিষদের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য বিভিন্ন গাছের চারা ক্রয় বাবদ ২৫,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ট। উপজেলা পরিষদের পলাশ-৩ ও শাপলা-৪ নং ফ্লাটের বাথরুমের কাজ বাবদ ১৮,৩৫০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঠ। উপজেলা পরিষদের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য বিভিন্ন গাছের চারা ক্রয় বাবদ ১৮,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ড। চেয়ারম্যান- উপজেলা পরিষদ , ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ডুমুরিয়া খুলনা এর ডিসেম্বর/২২ হতে জুন/২৩ মাসের ভ্রমন ভাতা বাবদ ১,৫৫,১২৫/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫ | কমিটির সুপারিশ পর্যালোচনা ও | উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ২৯ এর বিধান মোতাবেক ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। বিধি মোতাবেক | উপজেলা পরিষদের কাজের সহায়তার নিমিত্ত ১৭ (সতের) টি | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয় কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন। অপরাপর দপ্তর হতে স্থায়ী কমিটির সভা হলেও কার্যবিবরণী ও সুপারিশমালা প্রেরণ করেননি। বিষয়ট নিয়ে সভায় আলোচনা হয়। দপ্তরভিত্তিক কাজের স্বচ্ছতা, জবাবদিহিতাবৃদ্ধি ও পরিষদের কাজের সহায়তার জন্য স্থায়ী কমিটির কার্যকর করা অত্যান্ত জরুরী মর্মে সভায় আলোচনা হয়। | স্থায়ী কমিটি নিয়মিত সভা আহবান ও সুপারিশ সম্বলিত কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান করোনা মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত সকল চিকিৎসক তৎপর রয়েছেন। নিয়মিত করোনা পরীক্ষা ও করোনা রোগীদের পরামর্শ প্রদান করছেন। করোনার ভয়াবহতার বিবরণ দিয়ে জানান জনগন স্বাস্থ্য বিধি মেনে চলছেন বলেই ডুমুরিয়া অন্যান্য উপজেলা হতে ভাল অবস্থানে রয়েছে। তিনি স্বাস্থ্য বিধি মেনে চলার প্রতি অধিকতর গুরুত্ব প্রদানের জন্য সকলকে অনুরোধ জানান। | স্বাস্থ্য বিধি মেনে চলাচল নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) ডুমুরিয়া, খুলনা |
| ৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় জানান যে, অত্র ডুমুরিয়া উপজেলার পরিবার পরিকল্পনা বিভাগের নিয়ন্ত্রনাধীন আটলিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ৬ টি শিরিশ গাছ শুকিয়ে গেছে, ২ টির মাথা ঝড়ে ভেঙ্গে গেছে, শোভনা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের ২ টি শিরিশ গাছ শুকিয়ে গেছে, ২ টি শিরিশ গাছ বাউন্ডারী ওয়ালের উপর দিয়ে রাস্তার উপর হেলে পড়েছে এবং ১ টি মেহগুনি গাছ ইউনিয়ন পরিষদের উপর হেলে পড়েছে। এছাড়া সাহস ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ১ টি শিরিশ গাছ হেলে বৈদ্যুতিক তারের উপর পড়েছে এবং গাছটির শিকড় ক্লিনিক ভবনের নিচ দিয়ে যাওয়াতে ভবনের কিছু অংশে ফাটল ধরেছে। উল্লেখ্য যেসব গাছের ডাল শুকিয়ে গেছে সেসব গাছের শুকনা ডাল-পালা নিয়মিত বাতাসে ভেঙ্গে পড়ে ক্লিনিক ও আবাসিক ভবনের ক্ষতি সাধন করছে। যার ফলে বাউন্ডারী ওয়াল ক্ষতিগ্রস্থ হচ্ছে, ওয়ালে ফাঁটল ধরছে এবং ক্লিনিক সহ পার্শ্ববর্তী বাড়ী ও রাস্তার পথচারী ঝুঁকিতে আছে। এমতাবস্থায় উক্ত ১৪ (চৌদ্দ) টি ঝুঁকিপূর্ন গাছ কর্তন একান্ত প্রয়োজন। | যে সমস্ত গাছগুলি ঝুকিপূর্ন অবস্থায় রয়েছে সে সমস্ত গাছগুলি বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮ | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া,খুলনা। | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় জোবায়েদ আলী মিলনায়তন আধুনিকায়ন এর জন্য ক) শহীদ জোবায়েদ আলী মিলয়াতন এর সাউন্ড সিষ্টেম সংযোগকরন ও বৈদ্যুতিক সংযোগ প্রদান-১০,০০,০০০.০০টাকা।খ) শহীদ জোবায়েদ আলী মিলয়াতন সংলগ্ন বিশ্রাম কক্ষ, অতিথি কক্ষ ও প্রশিক্ষন কক্ষ সংস্কার-১০,০০,০০০.০০ টাকা গ) শহীদ জোবায়েদ আলী মিলয়াতনের ইনটেরিয়র, ফলস সিলিং ও সাউ- প্রুফিং নির্মান-১০,০০,০০০.০০ টাকা ২৬.০১.২০২৩ইং তারিখ উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অনুমোদিত হয়।উক্ত কাজ বাস্তবায়নের জন্য ০৬.০৪.২০২৩ইং তারিখ দৈনিক পূর্বাঞ্চল,খুলনা পত্রিকায় ১৬.০৪.২০২৩ইং তারিখের মধ্যে অভিজ্ঞ আর্কিটেকচার প্রতিষ্ঠানের নিকট হতে Request for proposal চাওয়া হয়।উক্ত তারিখে ০৩টি অভিজ্ঞ আর্কিটেকচার প্রতিষ্ঠানের নিকট হতে proposal পাওয়া যায়। ১৬.০৪.২০২৩ইং তারিখ যাচাই-বাছাই কমিটির সভায় প্রাপ্ত ০৩টি অভিজ্ঞ আর্কিটেকচার প্রতিষ্ঠানের নিকট হতেপ্রাপ্ত proposal এর মধ্যেবিস্তার, ডিআইডিসি রোড়, খুলনা এর প্লান ,ডিজাইন,প্রাক্কলন সন্তোষজনক হওয়ায় তার দাখিলকৃত দর=২৯,৯৯,৯৯০.৮৪ টাকা গ্রহনের সিদ্ধান্ত পূর্বক পরবর্তী উন্নয়ন সমন্বয় কমিটির সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহীত হয়।<br><br>উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা সভায় আরো জানান যে,<br><br>ক) জোবায়েদ আলী মিলনায়তনের ছাদ সংস্কার কাজের অনুকুলে ৩টি কোটেশন পাওয়া যায়। সকল কোটেশন গুলি বৈধ আছে। এর মধ্যে মেসার্স রিক্তা এন্টারপ্রাইজ,ডুমুরিয়া,খুলনা ১০,০০,০০০.০০ টাকার দর দাখিল করিয়া সর্বনিম্ন দর দাতা হইয়াছেন। যাহা ২৪.০৫.২০২৩ ইং তারিখে সুপারিশ করিয়াছেন। এমতবস্থায় ঠিকাদারের দাখিলকৃত দর অনুমোদন করা আবশ্যক। খ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় করার জন্য ২,০০,০০০/- ( দুই লক্ষ) টাকা অনুমোদন আবশ্যক। গ) উপজেলা পরিষদের অভ্যন্তরে বৃক্ষরোপণ করার জন্য ২,০০,০০০/- ( দুই লক্ষ) টাকা অনুমোদন আবশ্যক। ঘ) উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার শাপলা ভবন সংস্কার করার জন্য ১,৮০,০০০/-( এক লক্ষ আশি হাজার) টাকা অনুমোদন আবশ্যক। | এ ব্যাপারে সভায় বিস্তারিত আলাপ আলোচনা হয় । আলোচনান্তে জোবায়েদ আলী মিলনায়তন আধুনিকায়ন কাজ বাস্তবায়নের জন্যঅভিজ্ঞ আর্কিটেকচার প্রতিষ্ঠান বিস্তার, ডিআইডিসি রোড়, খুলনা এর প্লান ,ডিজাইন, প্রাক্কলন সন্তোষজনক হওয়ায় তার দাখিলকৃত দর=২৯,৯৯,৯৯০.৮৪ টাকা অনুমোদন পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো<br><br>ক) ঠিকাদারের দাখিলকৃত দর অনুমোদন পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br><br>খ) খ,গ ও ঘ বিষয় গুলো সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা রাজস্ব তহবিল হতে পি আই সি এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা। |
| ৯ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২১-২০২২ অর্থ বছরে ক তালিকাভুক্ত জমি নেই ঘর নেই প্রকল্পের আওতায় ঘর নির্মাণর প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। সরকারি খাস জমি চিহ্নিত করার কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত গুরুত্বপূর্ণ এ প্রকল্প বাস্তবায়নে সকলের সহযোগীত নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা চেয়ারম্যান (সকল) |
| ১০ | উপজেলা মৎস্য অধিদপ্তর ডুমুরিয়া, খুলনা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান ডুমুরিয়া উপজেলাতে বেহুন্দি, কারেন্ট জাল, মশারি, চট, পাই, টিং ইত্যাদি ক্ষতিকারক জাল নিষিদ্ধ করা হয়েছে। উক্ত প্রকারের জালসমূহ বিক্রয় ও ব্যবহারকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা মৎস্য বিভাগ সহায়তা করে থাকেন। মাছের ঘেরসমূহ রেজিস্ট্রেশনের বিধান রয়েছে। রেজিস্ট্রেশনভুক্ত ও রেজিস্ট্রেশন বহির্ভূত ঘেরের তালিকা প্রস্তুত করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | ক্ষতিকারক জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। বৈধ/অবৈধ ঘেরের তালিকা প্রস্তুত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ডুমুরিয়া, খুলনা। |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, এ বছর ডুমুরিয়া উপজেলায় এ বছর ২১২০৫ হেঃ জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে বোরোরোপন কার্যক্রম শুরু হয়ে গেছে। বোরো উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৮০০০ জন কৃষকের মাঝে প্রনোদনার আওতায় প্রতিজনকে ২কেজি করে হাইব্রিড ধান বীজ বিতরণ করা হয়েছে। শ্রমিক সংকট নিরসনের জন্য উন্নত চাষাবাদ কর্মসূচীর আওতায় ৫০ একর জমি চাষাবাদের জন্য ৩০০ কেজি হাইব্রীড ধানবীজ ব্যবিলন-২ এবং ব্যবিলনট্রেতে বসানো হয়েছে এবং পরবর্তীতে এগুলো রাইস ট্রান্সপ্লান্টারের সাহায্যে রোপন করা হবে। এ সমস্ত কৃষককে ইউরিয়া, ভিএপি,এমওপি, জিপসাম ও দস্তা সার বিতরণ করা হবে এবং যন্ত্র দিয়ে ধান কর্তন করেও দেয়া হবে সার, কীটনাশককে বা বীজের কোন সংকট নেই। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কৃষি বিভাগের চলমান কাজ নিয়ে সভায় ব্যাপক আলোচনা হয়। কৃষি বিভাগের কার্যক্রমে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | নিরাপদ কৃষি পণ্য উৎপাদন ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সকলকে সহযোগীতা ও পরামর্শ প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১২ | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর, ডুমুরিয়া খুলনা | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের সার্বিক তত্বাবধানে ন্যাশাল এগ্রিকালচারাল টেকনোলোজী প্রোগ্রাম-ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) প্রকল্পের আওতায় চলতি মাসে অত্র উপজেলার বিভিন্ন গ্রামে ০৭ টি ভ্যাকসিনেশন ক্যাম্পেইন, ৫ টি মাঠ দিবস সম্পন্ন হয়েছে। আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্ট-পুষ্টকরণ প্রকল্পের আওতায় ০১ (এক) টি জনসচেতনতামূলক সেমিনারের আয়োজন করা হয়েছে। লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এল ডিডিপি) প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ২৮০০ গরু কে ক্ষুরা রোগের টিকা প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে ভ্যাকসিনেশন কার্যক্রম,কৃত্রিম প্রজনন ও চিকিৎসা সেবাসহ উপজেলা প্রানিসম্পদ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাস্থ্য সম্মত পশু পালন নিশ্চিত করার নিমিত্ত ও প্রশিক্ষণ ও প্রনোদনা বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, প্রতিদিন ডুমুরিয়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ১৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার পরিকল্পনা সেবা ও মা শিশু স্বাস্থ্য সেবার পাশাপাশি মহামারি করোনা ভাইরাসের উপসর্গ নিয়ে আগত রোগীর সেবা ও পরামর্শ প্রদান করা হচ্ছে। | করোনা পরিস্থিতি বিবেচনা করে সতর্কতার সাথে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৪ | উপজেলা শিক্ষা অফিসার ডুমুরিয়া, খুলনা | উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া জানান যে, ডুমুরিয়া উপজেলাধীন ময়নাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে চলতি বছরে ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যা ০১ জন। সম্প্রতি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , ঢাকা মহোদয় সারা বাংলাদেশে যে সকল বিদ্যালয়ে শিক্ষার্থী সংখ্যা -২০ জনের নিচে ঐ সকল বিদ্যালয়ের শিক্ষক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিজে জুম সভা করেন এবং পরিদর্শন করে প্রতিবেদন চান। সে আলোকে পরিদর্শন করে প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করা হয়েছে। এ নিয়ে বিভিন্ন পত্রিকা ও টিভি চ্যানেলে সংবাদ প্রকাশিত হয়েছে। সে আলোকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তর থেকে প্রতিবেদন পাওয়া হলে প্রতিবেদন দাখিল করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>(খ) ডুমুরিয়া বাজার ও বাসস্ট্যান্ড সংলগ্ন বিয়াম স্কুলে একটি নিরাপদ সবজি ও দুঃস্থ্য মহিলাদের জন্য বিক্রয় কাম প্রশিক্ষণ কেন্দ্র নির্মান কাজের ঠিকাদার খান শাহীন ডুমুরিয়া, খুলনা নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করিয়া বিল ভাউচার দাখিল করিয়াছেন। মোট বিলের পরিমান - ৪৪,১৯,৩৬৭/০০। ভ্যাট ৩,৩১,৪৫৩/০০, আয়কর ১,৩২,৫৮১/০০ ও জামানত | যেহেতু দীর্ঘদিন ধরে ঐ বিদ্যালয়ে বিভিন্ন কারনে শিক্ষার্থী সংখ্যা হ্রাস পাচ্ছে এবং এলাকায় খানা সংখ্যাও হ্রাস পাচ্ছে। এছাড়া শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির সম্ভাবনা নেই মর্মে শিক্ষকগণ লিখিত মতামত দিয়েছেন। তাই উক্ত বিদ্যালয়টি বন্ধ করে অন্য বিদ্যালয়ের সাথে মার্জ করার প্রস্তাব প্রেরণের বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা পাওয়া গেলে সে মোতাবেক ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ৪,৪১,৯৩৭/০০ টাকা। ভ্যাট ও আয়কর বাদে ঠিকাদারের প্রাপ্য ৩৯,৫৫,৩৩৩/০০ টাকা। | | |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ডুমুরিয়া খুলনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, সৃজনশীল মেধা অম্বেষন প্রতিযোগিতা/২০২২ এ -৪ জন শিক্ষার্থী জেলা পর্যায়ে শ্রেষ্ঠ হন। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে পাঠদানকালে কোন শিক্ষক শ্রেনি কক্ষে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করবেন না। মোবাইল ফোন নিয়ে কোন শিক্ষার্থী প্রতিষ্ঠানে আসতে পারবেনা। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে প্রতিষ্ঠান চত্তর বা এলাকায় বখাটেরা যাতে ঘোরাফেরা করতে না পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীর দৃষ্টি আকর্ষন করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নামের পরিবর্তে ১৭ টি শিক্ষা প্রতিষ্ঠানের পূর্নাঙ্গ নাম ব্যবহার নিশ্চিতকরণের অনুরোধ করেন। ডুমুরিয়া টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর সামনে স্পীড ব্রেকার নির্মানের প্রস্তাব করেন। উপজেলা পরিষদের পূর্ব পাশের গেটের রাস্তা সংস্কারের প্রস্তাব রাখেন। | শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে পাঠদানকালে কোন শিক্ষক শ্রেনি কক্ষে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করা যাবেনা। শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে প্রতিষ্ঠান চত্তর বা এলাকায় বখাটেরা যাতে ঘোরাফেরা করতে না পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল উইং, খুলনা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা /প্রশাসনিক কর্মকর্তা ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ১৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ডুমুরিয়া খুলনা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান ২০২২-২০২৩ অর্থ বছরে ডুমুরিয়া উপজেলায় ১৭৮৮৩ জন বয়স্ক ভাতাভোগী ,৯৫০৭ জন বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগী ও ৫১৩৮ জন অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী,১৮ জন প্রতিবন্ধী শিক্ষার্থী, ১১৯ জন অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীর, ৯০ জন অনগ্রসর জনগোষ্ঠীর বয়স্ক ভাতাভোগী ও ০১ জন হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতাভোগী। মোট ৩২৭৫৫ জন উপকারভোগীর ১ম কিস্তির পে রোল ২/১০/২০২২ খ্রি. তাথিকে ৮/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে রে-রোল প্রেরণের নির্দেশনা রয়েছে।<br>২০২২-২০২৩ অর্থ বছওে বয়স্ক, বিধাব ও স্বামী নিগৃহীতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর মৃত্যু সনদ প্রদান সাপেক্ষে প্রতিস্থাপনের তালিকা প্রদানের জন্য সকল সম্মানিত ইউপি চেয়ারম্যানদের পত্র প্রদান করা হয়েছে। বিধাব ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগীদের মধ্যে কেই বিবাহ বন্ধনে আবদ্ধ হলে তার তথ্য প্রদানের জন্য পত্র প্রেরণ করা হলেও কোন ইউনিয়ন পরিষদ থেকে চাহিত তথ্য পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা অফিসার আরও জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছওে বর্ধিত কোঠায় প্রতিবন্ধী ভাতার অর্থ জিটুপি পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়। সমাজসেবা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ১০ আগস্ট, ২০২২ হতে ১০ সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হলে ডুমুরিয়া উপজেলা ১৪ টি ইউনিয়ন হতে মোট ২৯৭ টি প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির আবেদন পাওয়া যায়। | ১। ২০২২-২০২৩ অর্থ বছরের পে-রোল নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>২। মৃত ভাতাভোগী ও বিধাব ভাতাভোগীদের মধ্যে বিবাহ বন্ধনে আবদ্ধ ভাতাভোগীদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। ২০২২-২০২৩ অর্থ বছওে বর্ধিত প্রতিবন্ধী ভাতার আবেদনের বিপরীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অবহিত করার ও বাছাই করার নিমিত্ত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন অনুযায়ী প্রতিবন্ধী শনাক্তের জন্য উপজেলা কমিটির সভা প্রতি ২ মাস পর পর করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) |
| ১৭ | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, ডুমুরিয়া,খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। জেলা পরিষদের মালিকানাধীন পুনঃখননকৃত ০২ টি পুকুরে সোলার পি এস এফ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৪২ গভীর নলকূপ এবং ২২ টি ৩০০০ লিটার রেইন ওয়াদার হার্ভেষ্টিং স্থাপনের কাজ চলমান। প্রাথমিক বিদ্যালয়ে ১৭ টি নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন এবং ২৩ ওয়াশব্লক কাজ চলমান রয়েছে। আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় ০২ টি পানির লবণাক্ততা দূরীকরণ কাজ চলমান। কাজের বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | জেলা পরিষদের মালিকানাধীন পুনঃখননকৃত ০২ টি পুকুরে সোলার পি এস এফ স্থাপনের কাজ চলমান রাখা ,পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৪২ টি গভীর নলকূপ স্থাপনের ও ২৩ টি ওয়াশব্লক কাজ চলমান এবং ০২ টি পানির লবণাক্ততা দূরীকরণ কাজ চলমান রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও চেয়ারম্যান রুদাঘরা, আটলিয়া, শোভনা, শরাফপুর ও রংপুর ইউনিয়ন |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে সেপ্টেম্বর/২০২২ মাসে ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং এ মাসে ০৭ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২১ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থ বছরে ০৯ জন আত্মকর্মীকে ৪,৩০,০০০/- টাকা যুব ঋন প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিস্ট্রেশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট কার্যক্রম চলমান রয়েছে। | ২০২২-২০২৩ অর্থ বছরে ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং এ মাসে ০৭ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২১ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মে নিয়োজিত করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে সেবা গ্রহনকারী ও নিজ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সচেতন করা হয়েছে।২০২১-২২ চক্রের ভিজিডিবি উপকার ভোগীর সংখ্যা ১৮৭৬ জন ,২০২২-২৩ অর্থ বছরে মাতৃকালীন ভাতা সাময়িক ভাবে স্থগিত করা হয়েছে।ডিসেম্বর-২২ পর্যন্ত ৯৮৩ জন নারীকে ৭৭,২৮,৫০০/- ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৯৬%। মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ১০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান।ডিসেম্বর-২২ মাসে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ৪০৬ জন কে আইনি সহায়তা প্রদান করা হয়েছে এবং ০১ টি বাল্য বিবাহ প্রতিরোধ ও ৭০ জন নারী পুরুষ যৌতুক নেবেনা এই মর্মে অঙ্গীকার করেছে। | স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। তবে প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরতঃ প্রশিক্ষণ শুরুর পূর্বেই অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ২০ | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কর্মকর্তা, ডুমুরিয়া,খুলনা সভায় জানান যে, ডুমুরিয়া উপজেলা সমবায় কার্যালয়ের আওতায় কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা ৬টি এবং কেন্দ্রীয় দুগ্ধ সমিতির সাংখ্যা ৪টি মোট ১০টি। প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ৬৭৬টি। এ উপজেলায় ভান্ডারপাড়া, খাজুরা, চুকনগর ও মিকশিমিলে অবস্থিত ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে সর্বমোট ঋণ বিতরণের পরিমাণ ৩৮,২২,৫০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ২৭,৭৯,৮৬৩/- টাকা, অনাদায়ী ঋণের পরিমাণ ১০,৪০,৫০০/- টাকা। ঋণ আদায়ের হার ৭৩%। ডুমুরিয়া উপজেলায় সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃত করণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্পের আওতায় গঠিত সমবায় সমিতির ৩০০ (তিনশত) জন সদস্যকে ইতোমধ্যে ১,১০,০০০/- (একলক্ষ দশ হাজার) টাকা হারে মোট ৩,৩০,০০,০০০/- টাকা এবং ঘূর্ণায়মান তহবিল হিসেবে মোট ১,১৭,১০০,০০০/- টাকা সর্বমোট ৪,৪৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত উল্লিখিত ঋণের ৩,০৬,৪৯,০০০/- টাকা আসল এবং ২৩,৭৯,০০০/- সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। প্রকল্পের আওতায় গ্রামের সাধারণ দরিদ্র ব্যক্তিদের মধ্যে ঋণ প্রদানের ফলে সুবিধাভোগী প্রান্তিক দুগ্ধ উৎপাদনকারী সদস্যগণ ইতোমধ্যেই মোট ৮৬২টি বকনা/গাভী ক্রয় করেছে। এর মধ্যে দুধ উৎপাদনকারী গাভীর সংখ্যা ৬৭৭টি। বর্তমানে সমিতির মাধ্যমে দৈনিক প্রায় ৬৭৭০ লিটার দুধ উৎপাদিত হচ্ছে। সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের লক্ষ্যে একটি গবাদীপশুর খাবার তৈরির কারখানা ও একটি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা | এ উপজেলায় ভান্ডারপাড়া, খাজুরা, চুকনগর ও মিকশিমিলে অবস্থিত ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে সর্বমোট ঋণ বিতরণের পরিমাণ ৩৮,২২,৫০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ২৭,৭৯,৮৬৩/- টাকা, অনাদায়ী ঋণের পরিমাণ ১০,৪০,৫০০/- টাকা। ঋণ আদায়ের হার ৭৩%। ডুমুরিয়া উপজেলায় সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃত করণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্পের আওতায় গঠিত সমবায় সমিতির ৩০০ (তিনশত) জন সদস্যকে ইতোমধ্যে ১,১০,০০০/- (একলক্ষ দশ হাজার) টাকা হারে মোট ৩,৩০,০০,০০০/- টাকা এবং ঘূর্ণায়মান তহবিল হিসেবে মোট ১,১৭,১০০,০০০/- টাকা সর্বমোট ৪,৪৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা প্রকল্পের আওতায় গ্রামের সাধারণ দরিদ্র ব্যক্তিদের মধ্যে ঋণ | উপজেলা সমবায় কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হয়েছে।<br>এছাড়া উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ২টি মাহলা সমবায় সমিতি গঠন করা হয়েছে। এই সমিতি ২টির সুবিধাভোগী ২০০ জন মহিলা সদস্যের মধ্যে জনপ্রতি ১,২০,০০০/- টাকা হিসাবে মোট ২,৪০,০০,০০০/- টাকা এবং আবর্তক ঋণ হিসেবে মোট ৬৬,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণের মধ্যে হতে ইতোমধ্যে আদায় ১,৪৪,৩৫,৩০০/- টাকা আসল এবং ১৪,৩৬,০০০/- টাকা সার্ভিস চার্জ আদায় করা হয়েছে।<br>জুন ২০২২ মাস পর্যন্ত এই উপজেলায় ১১,১১,০০০/- টাকা অডিট ফি এবং ১১,১১,৯৪৮/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে।<br>মে ২০২২ মাস পর্যন্ত এই উপজেলায় ১১,৯৯,০০০/- টাকা অডিট ফি এবং ১৬,১৫,৭০৯/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে। সমবায় সমিতি সমূহের নিরীক্ষা সম্পাদনের হার ১০০% । | প্রদানের ফলে সুবিধাভোগী প্রান্তিক দুগ্ধ উৎপাদনকারী সদস্যগণ ইতোমধ্যেই মোট ৮৬২টি বকনা/গাভী ক্রয় করেছে। এর মধ্যে দুধ উৎপাদনকারী গাভীর সংখ্যা ৬৭৭ টি হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |
| ২১ | উপজেলা বন কর্মকর্তা | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ডুমুরিয়া উপজেলার নার্সারী কেন্দ্রে ২০২১-২২ আর্থিক সনে ১০,০০০/- (দশ হাজার) টি চারা বনজ ও ফলজ চারা উত্তোলন করা হয়। চারাগুলি বিক্রয় বিতরণের জন্য উত্তোলন করা হয়। চারাগুলি নার্সারিতে রয়েছে।<br>তিনি সভায় আরও জানান যে, অত্র উপজেলা ২৮ টি অবৈধ করাতকল রয়েছে। উক্ত করাত কলগুলি বন্ধ করা দরকার। | অবৈধ করাত কলের বিরুদ্ধে উপজেলা প্রশাসনের সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। |
| ২২ | বিবিধ আলোচনা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, জনাব মোঃ ফজলুর রহমান মোড়ল, কেয়ারটেকার, চুকনগর বধ্যভূমি স্মৃতিস্তম্ভ, চুকনগর, ডুমুরিয়া, খুলনা তার পারিশ্রমিক বৃদ্ধির জন্য ১৭/০৪/২৩ খ্রিঃ একটি আবেদন দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনার পরিপ্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে ২০০০/- টাকা পারিশ্রমিক বৃদ্ধি করে জুলাই/২৩ হতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা পরিষদ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এজাজ আহমেদ

(এজাজ আহমেদ)
চেয়ারম্যান
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫(অফিস)

CS CamScanner

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১-৪১০ (৫০) তারিখঃ ২৫/০৫/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় সংসদ সদস্য-১০৩, খুলনা-০৫, বাংলাদেশ জাতীয় সংসদ।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, খুলনা।
৪. জেলা প্রশাসক, খুলনা
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
৬. নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।
৮. উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
৯. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
১০. ------------------------------------------------------------------------------------জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
১১. উপজেলা ------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা
১২. সহকারী প্রোগ্রামার, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. জনাব ---------------------------------------------------------------------

২৫/০৫/২৩

(শরীফ আসিফ রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬০০১

CamScanner